



প্রেস বিজ্ঞপ্তি
শুক্রবার, ১৩ মে, ২০১৬

“সকলের নিজের ধর্ম প্রচার করার অধিকার আছে কিন্তু তা হতে হবে
শান্তিপূর্ণ পন্থায়” – আহমদীয়া মুসলিম জামা’তের প্রধান
সুইডেনের পত্রিকা স্কানস্কা ডাগব্লাডেট-এর সাথে সাক্ষাতকারে
হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর মন্তব্য



১১ মে, ২০১৬ সুইডেনের পত্রিকা স্কানস্কা ডাগব্লাডেট মালমো, সুইডেনের মাহমুদ মসজিদে
আহমদীয়া মুসলিম জামা’তের বিশ্ব প্রধান, হেম খলীফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর
একটি সাক্ষাতকার গ্রহণ করে।

জঙ্গীবাদ এবং যুব মৌলবাদের উত্থান সম্পর্কে প্রশ্ন করা হলে হযরত মির্যা মসরুর আহমদ (আই.)
বলেন:

“আমি অনেক দিন ধরে সতর্ক করে আসছি যে, জঙ্গীবাদ এবং চরমপন্থার মূলোৎপাটন করার জন্য
সরকারসমূহের দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা উচিত। আহমদীয়া মুসলিম জামা’ত সব ধরনের চরমপন্থাকে

ইসলামী শিক্ষার সম্পূর্ণ বিরোধী মনে করে। সত্য এটাই যে, ইসলাম হল ভালবাসা এবং শান্তির ধর্ম।”

জিহাদের বিষয়ে কথা বলতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“অবশ্যই সকলের নিজের ধর্ম প্রচার করার অধিকার আছে কিন্তু তা হতে হবে শান্তিপূর্ণ পন্থায়। এ যুগে তলোয়ার এবং বল প্রয়োগ কোনোভাবে সমর্থনযোগ্য নয়। কুর’আন পরিষ্কার ভাবে বলে যে ধর্মের বিষয়ে কোন বল প্রয়োগ নেই।”

তাঁর পক্ষে পাকিস্তানে সফর করা সম্ভব কিনা এ প্রশ্ন করা হলে সম্মানিত হুযূর বলেন যে, পাকিস্তানে তাঁর দায়িত্বাবলী পালন করা সম্ভব হবে না, কেননা পাকিস্তানে আহমদী মুসলিমদের কে অমুসলিম ঘোষণা করা হয়েছে এবং সেখানে স্বাধীনভাবে ধর্ম পালনের তাদের অনুমতি নেই।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমি যদি পাকিস্তানে যাই, সেখানে আমি কি করবো? প্রতি সপ্তাহে আহমদী মুসলিমরা আমার সাপ্তাহিক খুতবা শুনে থাকে, কিন্তু পাকিস্তানে আমাকে খুৎবা দেয়ার অনুমতি দেয়া হবে না। পাকিস্তানের আইন মতে আমি নিজেকে মুসলিম পর্যন্ত বলতে পারবো না অথবা নামাযে ইমামতি করতে পারবো না অথবা আমাদের মত করে ইসলামের বাণী প্রচার করতে পারবো না।”